

২০১৮

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

প্রথম পত্র (BNGH/CC-T-I)

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) বড়ু চণ্ডীদাসের সমসাময়িক কবির নাম কী, যিনি মিথিলায় বসবাস করতেন?
- খ) চর্যাপদে কোন্ কবি সবচেয়ে বেশি পদ লিখেছিলেন?
- গ) 'বাপ ভগীরথ মোর মাতা ইন্দুমতী।
যাহার পুণ্যে হইল মোর কৃষ্ণচন্দ্রে মতি।।'
— এই পংক্তিতে কোন্ কবি তাঁর নিজের পরিচয় দিয়েছেন?
- ঘ) বলরাম দাস দুটি ভাষায় গৌরান্দ ও রাধাকৃষ্ণ বিষয়ক পদ লিখেছেন— ভাষা দুটির নাম লেখো।

(পরের পাতায়)

- ঙ) বৃন্দাবন দাস আনুমানিক কত সালে নবদ্বীপে জন্মগ্রহণ করেছিলেন?
- চ) কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর লেখা 'অভয়ামঙ্গল' কাব্যটি বর্তমানে কোন্ নামে পরিচিত?
- ছ) রায়গুণাকর ভারতচন্দ্রের জন্মসাল ও মৃত্যুসাল লেখো।
- জ) কবি রামেশ্বর ভট্টাচার্যের লেখা দু'টি গ্রন্থের নাম কী কী?
- ঝ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মতো প্রণয়ধর্মী উপাখ্যান কোন্ মুসলিম কবি বাংলা ভাষায় প্রথম লিখেছিলেন? তাঁর কাব্যের নাম কী?
- ঞ) শাক্ত পদাবলীর দু'টি শাখার নাম লেখো। উভয় শাখার শ্রেষ্ঠ কবির নাম কী কী?
- ট) প্রাচীন ভারতীয় আর্যভাষায় যুক্ত ব্যঞ্জনবর্ণের নামগুলি লেখো।
- ঠ) চৌষট্টি প্রকার লিপির কথা বলা হয়েছে কোন্ গ্রন্থে?
- ড) বাংলা মৌলিক স্বরধ্বনির মধ্যে অর্ধবিবৃত স্বরধ্বনি কী কী?
- ঢ) প্রাচীন ভারতীয় আর্যের কথ্য রূপ 'তুশ্বে' থেকে বিবর্তিত হয়ে আধুনিক বাংলায় কোন্ শব্দ এসেছে?
- ণ) বাগযন্ত্রের দুটি অংশ 'আলজিহ্বা' ও 'উপজিহ্বা'-এর ইংরেজি নাম কী কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) চর্যাপদের সমাজচিত্র সংক্ষেপে আলোচনা করো।
- খ) বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব বুঝিয়ে দাও।
- গ) ধর্মমঙ্গল কাব্য রচনায় ঘনরাম চক্রবর্তীর সার্থকতা বিচার করো।
- ঘ) শাক্ত পদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের অবদান বুঝিয়ে দাও।
- ঙ) সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কি না আলোচনা করো।
- চ) সাম্প্রতিক কালের বাংলা ভাষার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) মনসামঙ্গল কাব্য রচনায় কবি নারায়ণদেব ও বিজয়গুপ্তের মধ্যে একটা তুলনামূলক আলোচনা করো।
- খ) অনুবাদ সাহিত্য উদ্ভবের কারণগুলি সংক্ষেপে লিখে রামায়ণ রচনায় কবি কৃত্তিবাসের মৌলিকতাগুলি লিপিবদ্ধ করো।
- গ) ভাষার সংজ্ঞাসহ বৈশিষ্ট্যাবলী সংক্ষেপে লিখে দেখাও মানুষ কথা বললে ভাষা হয় কিন্তু পশুপাখির ডাক বা আর্তনাদ ভাষা নয়।
- ঘ) বাংলা সমাজ ও সাহিত্যে তুর্কি আক্রমণের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবগুলি লেখো।